## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১ গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউবেইলী রোড, ঢাকা



www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.১০৫২

চাকুরীতে প্রথম যোগদানকালীন সময়ে দাখিলকৃত জন্ম তারিখ সম্বলিত ডকুমেন্ট সরবারহ প্রসঞ্চো। বিষয:

(১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.৭৮৬; তারিখ: ০৭.০৩.২২খ্রি. সূত্র:

(২) TMED এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০০১.২২.৬১; তারিখ: ২৩.০৩.২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মো: সাইফুল ইসলাম, পিতা- মোঃ আবদুর রহমান, কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন বড়বাম ফাযিল মাদ্রাসায় নৈশ প্রহরী পদে ০১/০২/২০১১ খ্রি: তারিখে যোগদান করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মে/২০১১ মাসে প্রথম এমপিওভুক্ত হন (ইনডেক্স নং-২০৩২৯২৮)। ১ম এমপিও শীটে মো: সাইফুল ইসলামের জন্ম তারিখ ০৭/০১/১৯৬২ মুদ্রিত আছে। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সেল থেকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মেমিস (MEMIS) সিস্টেমে Data Transfer হয় এবং তাঁর জন্ম তারিখ ০৭/০১/১৯৬২ অব্যহত থাকে (এমপিও শীট জানুয়ারি/২০১৯)। মাউশির এমপিওশীটের জন্ম তারিখ ০৭/০১/১৯৬২ অনুযায়ী চাকুরীকাল অতিক্রান্ত হওয়ায় আবেদনকারীর নাম মেমিস সফটওয়্যারের ফেব্রুয়ারী/২০২২ এমপিও শীট থেকে কর্তন হয়ে যায়। মো: সাইফুল ইসলাম কুমিল্লা জেলার নাঞ্চালকোট উপজেলাধীন ময়ুরা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণি পাশের প্রত্যয়নপত্র ও এনআইডি সংযুক্তসহ মেডিকেল বোর্ডের মাধ্যমে বয়স নির্ধারণপূর্বক জন্ম তারিখ ১০/১১/১৯৮০ দাবী করে সংশোধনের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে মেডিকেল বোর্ডের মাধ্যমে বয়স নির্ধারণপূর্বক জন্ম তারিখ সংশোধন করে এমপিওশীটে অন্তর্ভুকরণের সিদ্ধান্ত/নির্দেশনা চেয়ে সুত্রোক্ত ০১ নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মো: সাইফুল ইসলাম, নৈশ প্রহরী এর বয়স তার প্রথম চাকুরীতে যোগদানকালীন সময়ে দাখিলকৃত ডকুমেন্ট এর ভিত্তিতে নির্ধারনের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে সূত্রোক্ত ০২ নং স্মারকে নির্দেশনা দেয়া হয়। আবেদনকারী মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠিত হওয়ার পূর্বেই ২০১১ সালে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জন্ম তারিখ ও প্রথম যোগদানকালীন অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট দাখিলের মাধ্যমে এমপিওভুক্ত হন এবং ডকুমেন্টসমূহ মাউশি'র EMIS সেল সংরক্ষিত আছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী আবেদনকারীর জন্ম তারিখ সংশোধনের লক্ষ্যে মাউশির EMIS সেলে সংরক্ষিত জন্ম তারিখ সম্বলিত চাকুরীতে প্রথম যোগদানকালীন ডকুমেন্ট প্রয়োজন।

০২। এমতাবস্থায়, জনাব মো: সাইফুল ইসলাম, নৈশ প্রহরী, বড়বাম ফাযিল মাদ্রাসা, লাকসাম, কমিল্লাএর এমপিওভুক্তির সময় মাউশির EMIS সেলে সংরক্ষিত জন্ম তারিখ এবং প্রথম যোগদানকালীন যাবতীয় ডকুমেন্ট একজন প্রথম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়নপূর্বক প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সংযুক্তি: ০৭ ফর্দ।

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)

ফোন: ০২-৪১০৩০৮৯৬

ইমেইল: badshaprog3@gmail.com

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.১০৫২/১(৫)

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন,

তারিখ: \( \frac{58 চৈত্র \$8২৮}{5৮ মার্চ \$০১১}

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

ঢাকা।

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপসচিব, মাদ্রাসা শাখা-০১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ৪) সভাপতি/অধ্যক্ষ, বড়বাম ফাজিল মাদ্রাসা, লাকসাম, কুমিল্লা।
- ৫) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)